সংবাদ

তারিখ ... 5 AUG 2013
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২

কুষ্টিয়ার আলোচিত স্কুলশিক্ষক পান্না ঢাকায় গ্রেফতার

নিজস্ব বার্তা পরিবেশক

কুষ্টিয়ার সেই আলোচিত স্কুলশিক্ষক হেলাল উদ্দিন পান্না ওরফে পান্না মাস্টারকে গ্রেফতার করেছে মহানগর গোয়েন্দা পুলিশ। রাজধানীর মোহাম্মদপুর এলাকা থেকে রোববার ভোরে তাকে গ্রেফতার করা হয়। ঢাকা মহানগর পুলিশের মিডিয়া সেন্টারের সহকারী কমিশনার (এসি) আবু ইউনুস এ খবর নিশ্চিত করেন। তিনি জানান, কুষ্টিয়ায় কিছু ছাত্রী ও নারী অভিভাবকদের সঙ্গে অবৈধ মেলামেশা করে এবং তার ভিডিওচিত্র ধারণ করে প্রকাশ করেন এই পান্না মাস্টার।

এ ঘটনায় ঢাকায় : পৃষ্ঠা : ১৫ ক : ৫

ঢাকায় : গ্রেফতার

(১ম পৃষ্ঠার পর)

পর্নোগ্রাফি নিয়ন্ত্রণ আইনে কুষ্টিয়ার আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ের গণিতের শিক্ষক হেলাল উদ্দিন পান্নাসহ চারজনকে আসামি করে গত ৭ জুলাই কুষ্টিয়া সদর থানায় একটি মামলা করে পুলিশ। অন্যদিকে একই ঘটনায় জড়িত থাকার অভিযোগে গত বৃহস্পতিবার জসিমুল ইসলাম ওরফে মনো নামের এক ব্যক্তিকে গ্রেফতার করে আদালতে পাঠায় কুষ্টিয়া গোয়েন্দা পুলিশ। বাকিরা পলাতক রয়েছে। পান্না মাস্টার কুষ্টিয়া সদর উপজেলার হাটপি হরিপুর গ্রামে থাকতেন। স্কুল শিক্ষকতার সুবাদে পান্না টিউশনি করাতেন। সে শিক্ষকতার আড়ালে নানা কৌশলে ছাত্রীদের অনেকজন নারীর সঙ্গে অবৈধ সম্পর্ক গড়ে তোলে। এ সম্পর্ক স্থাপনের সময় গোপনে ভিডিও চিত্রও ধারণ করে। পরে এসব ভিডিও দেখিয়ে ভুক্তভোগীদের নানাভাবে ব্ল্যাকমেইল করত পান্না। গত মাসে এক ছাত্রীর এমন ভিডিও চিত্রধারণ করতে গেলে তা জানাজানি হয়ে যায়। এ নিয়ে গত ১৫ জুন ওই ছাত্রীর আত্মীয়স্বজন, এলাকাবাসী ও কয়েকজন সাংবাদিক হেলালকে মারধর করে। তখনই অন্য ঘটনাগুলোও প্রকাশ পায় তার উদ্ধার হওয়া ল্যাপটপ ও মোবাইল ফোন থেকে। পরে এসব ভিডিওচিত্র শহরে ছড়িয়ে পড়ে। জানা যায়, প্রায় ৪-৫ বছর ধরে এ ধরনের অপকর্ম করে আসছিল পান্না। এসব ঘটনা প্রকাশ পাওয়ার পরই ভুক্তভোগীদের অনেকেই লেখাপড়ার চেয়ে আত্মহত্যার চেষ্টা চালায়।